

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৭৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ব্যাখ্যাহীন নির্দেশ, যা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কর্মগত আমল ব্যাখ্যা করে, যা আমরা পূর্বে উল্লেখ করেছি

ذِكْرُ الْأُمْرِ الْمُجْمَلِ الَّذِي فسرَّته أَفْعَالُ الْمُصلطَفَى صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الَّتِي ذَكَرْنَاهَا

## আরবী

2673 \_ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ أَسْمَاءَ عَنْ مَالِكِ بْنِ أَنَسٍ عَنِ الزُّهْرِيِّ أَنَّ أَبَا سَلَمَةَ بْنَ عَبْدِ قَالَ: حَدَّثَنَا عَمِّي جُوَيْرِيَةُ بْنُ أَسْمَاءَ عَنْ مَالِكِ بْنِ أَنَسٍ عَنِ الزُّهْرِيِّ أَنَّ أَبَا سَلَمَةَ بْنَ عَبْدِ الرَّحْمَنِ حَدَّثَهُ أَنَّ أَبَا هُرَيْرَةَ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (يَأْتِي الشَّيْطَانُ أَحَدَكُمْ وَهُوَ فِي صَلَاتِهِ لِيَلْبِسَ عَلَيْهِ حَتَّى لَا يَدْرِيَ كَمْ صَلَّى فَإِذَا وَجَدَ أَحَدُكُمْ ذَلِكَ فَلْيَسْجُدْ سجدتين وهو جالس)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2673 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (943): ق.

## বাংলা

২৬৭৩. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "যখন তোমাদের কেউ সালাতে থাকে, তখন শয়তান তার কাছে আসে সংশয় সৃষ্টি করার জন্য যাতে সে জানতে না পারে যে, সে কয় রাকা'আত সালাত আদায় করেছে। যখন তোমাদের কেউ এমনটা অনুভব করবে, তখন সে যেন বসা অবস্থাতেই দুটি সাজদা দেয়।"[1]

## ফুটনোট

[1] মুয়াতা ইমাম মালিক: ১/১০০; সহীহুল বুখারী: ১২৩২; সহীহ মুসলিম: ৩৮৯; আবূ দাউদ: ১০৩০; নাসাঈ: ৩/৩১; সুনান বাইহাকী: ২/৩৩০; বাগাবী: ৭৫৩।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৯৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন